

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২২/৬২৪

তারিখঃ ০৮ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
২৩ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

চেয়ারম্যান  
মেসার্স জিস ওয়াশিং ইন্ডাস্ট্রি লিঃ  
৫২, আব্দুল গফুর খান রোড  
শিলমুন, টঙ্গী, গাজীপুর।  
ফোন-০১৭১৮-৩৩৪৫২৭।

QF-PRJ-06

**বিষয়ঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।**

- সূত্রঃ (১) আবেদন নং-৪২৫ (টঙ্গী পূর্ব), এসই (পিএন্ডডি)-৭২০, তাং-৩০/০৬/২০২১ খ্রিঃ  
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২১.৭৭৫, তারিখ-১৫/০৯/২০২১ খ্রিঃ  
(৩) ০৮/১১/২০২১ তারিখের পে-অর্ডার নং-০২৪৭৩০৯ (এক্সিম ব্যাংক লিঃ), টাকা = ৬.০৫৫/-  
(৪) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.৯১৫, তারিখ-১০/১১/২০২১ খ্রিঃ  
(৫) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.৩৬৪, তারিখ-২৩/০৫/২০২২ খ্রিঃ  
(৬) ২৯/০৫/২২ তারিখের পে-অর্ডার নং-০৩৭৮৬১৮ (এক্সিম ব্যাংক লিঃ), টাকা = ৫.২৯৫/-  
(৭) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.৫৯৭, তারিখ-১৭/০৮/২০২২ খ্রিঃ  
(৮) ২২/০৮/২২ তারিখের পে-অর্ডার নং-০৪৭১১৫৯ (এক্সিম ব্যাংক লিঃ), টাকা = ৬.৮১০/-  
(৯) ২২/০৮/২২ তারিখের পে-অর্ডার নং-০৪৭১১৬০ (এক্সিম ব্যাংক লিঃ), টাকা = ১.০২২/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'মেসার্স জিস ওয়াশিং ইন্ডাস্ট্রি লিঃ', ৫২, আব্দুল গফুর খান রোড, শিলমুন, টঙ্গী, গাজীপুর স্থাপনার জন্য বিদ্যমান ১৭৩ কিঃওঃ লোডের অতিরিক্ত ২২৭ কিঃওঃ লোড বৃদ্ধি করে অর্থাৎ সর্বমোট (১৭৩+২২৭)= ৪০০ (চারশত) কিঃওঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে ডিসেম্বর-২০২২ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্রের মেয়াদ বর্ধিত করা হলোঃ-

**শর্তসমূহঃ**

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (টঙ্গী পূর্ব) বরাবর আবেদন করতে হবে। স্থায়ী নতুন সংযোগ গ্রহণের পূর্বে রাজউক/সংশ্লিষ্ট সংস্থা হতে ভবনের যথাযথ ব্যবহার সনদ (Occupancy Certificat) জমা প্রদান করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-২০২০ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৮। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকো'র সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ৯। উক্ত ছাড়পত্র ডিসেম্বর-২০২২ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(প্রকৌঃ মোঃ আখেরুল ইসলাম)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, টঙ্গী সার্কেল, ডেসকো।
- ৩। নিবন্ধী প্রকৌশলী, বিওবি বিভাগ (টঙ্গী পূর্ব)।
- ৪। অফিস কপি।